# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.gtcl.org.bd

সূত্র নং-২৮.১৪.০০০০.১১২.০২.১০১.২১.৩১

তারিখ: ১৬-০৫-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্যপদসমূহে লোকবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাবলি পূরণ সাপেক্ষে অনলাইন (Online) পদ্ধতিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম | বেতন-স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক-২১টি, মেকানিক্যাল-২৬টি, সিভিল-০৬টি ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-০২টি) | গ্রেড-৯ ৳২২০০০-৫৩০৬০/- | ৫৫ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং। তবে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ২। | সহকারী ব্যবস্থাপক (সাধারণ) | গ্রেড-৯ ৳২২০০০-৫৩০৬০/- | ০৭ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ অথবা ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি। তবে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল-১১টি, মেকানিক্যাল-১৩টি, সিভিল-০৪টি ও কম্পিউটার সায়েন্স-০২টি) | গ্রেড-১০ ৳১৬০০০-৩৮৬৪০/- | ৩০ | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। তবে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৪। | সহকারী কর্মকর্তা (সাধারণ) | গ্রেড-১০ ৳১৬০০০-৩৮৬৪০/- | ০৯ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রি। তবে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৫। | সহকারী কর্মকর্তা (অর্থ/হিসাব) | গ্রেড-১০ ৳১৬০০০-৩৮৬৪০/- | ১৪ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর/৪(চার) বছর মেয়াদী সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত বি.কম পাস। তবে, কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

**শর্তাবলি:**

**১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

(ক) ২৫-০৫-২০২১ তারিখ সকাল ৯:০০ টা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ১৮-০৬-২০২১ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ২১-০৬-২০২১ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**২। অনলাইনে আবেদন করার পদ্ধতি:**

(ক) প্রার্থীকে Teletalk Bangladesh Ltd.-এর Web address(http://gtcl.teletalk.com.bd) অথবা গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর Web address (www.gtcl.org.bd) এর মাধ্যমে GTCL কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instructions for Submitting Application এবং ১১ (এগারো) ক্যাটাগরি পদের জন্য নির্ধারিত Application Form (আবেদন ফরম) এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এর Web address (www.gtcl.org.bd)-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এ Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে application Form-এর প্রতিটি Field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে Form পূরণ করতে হবে এবং লাল তারকা চিহ্ন Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, ফরম পূরণের ক্ষেত্রে অবশ্যই এসএসসি বা সমমানের সনদ অনুযায়ী তথ্য প্রদান করতে হবে। এ ক্ষেত্রে কোনো পর্যায়ে তথ্যে কোনো গরমিল পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা/২

(খ) **ছবি (Photo):** আবেদন ফরম (Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি Scan করে Upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আয়তন হবে ৩০০ x ৩০০ Pixel (JPG Format), কোনোভাবেই এর কম বা বেশি নয় এবং File size হবে সর্বোচ্চ ১০০ KB. উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page এর Help menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **স্বাক্ষর (Signature):** Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর Scan করে Upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আয়তন হবে ৩০০x ৮০ Pixel (JPG Format), কোনোভাবেই এর কম বা বেশি নয় এবং File size হতে হবে সর্বোচ্চ ৬০ KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) **ঘোষণা (Declaration):** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো অনিয়মের আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে GTCL কর্তৃক তার বিরুদ্ধে যেকোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঙ) **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে Teletalk Bangladesh Ltd. কর্তৃক SMS এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০.০০ টাকা জমা দিতে হবে।

(i) **প্রথম SMS:** GTCL <space>User ID লিখে send করুন 16222 নম্বরে। Example: GTCL PQBCR
**Reply**: Applicant's Name, Tk-500.00 will be charged as application fee. Your PIN is xxxxxxxx
**To pay fee (পরীক্ষার ফি জমা):** Type GTCL < Space>Yes<Space>PIN and send to 16222.

(ii) **দ্বিতীয় SMS:** GTCL<space>Yes<Space>PIN লিখে send করুন 16222 নম্বরে।
Example: GTCL YES 12345678
**Reply**: Congratulations Applicant's Name, payment completed successfully for GTCL Application for xxxxxxxxxxxxxx User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গ্রহণ করা হবে না"

(চ) উপরের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি জমা হলে টেলিটক হতে প্রেরিত উত্তরে প্রার্থীকে একটি User ID এবং পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী তার রোল নম্বর সংবলিত Admit Card (প্রবেশপত্র) download করে প্রিন্ট করতে হবে। **এই Admit Card (প্রবেশপত্র) টি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে।**

(ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User id, Serial এবং Pin পুনরুদ্ধার করতে পারবেন:

1. User id জানা থাকলে- GTCL<Space>HELP<Space>USER<Space>User id and sent to 16222।
   Example: GTCL HELP USER ABCDEF & Send to 16222.
2. Pin Number জানা থাকলে- GTCL<Space>HELP<Space>PIN<Space>Pin No and sent to 16222।
   Example: GTCL HELP PIN 12345678 & Send to 16222.

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

৩। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS ও GTCL-এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৪। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫। উপযুক্ত চাকুরি প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে ০১টি পদের বিপরীতে সর্বাধিক ০৬ জন প্রার্থীকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। প্রার্থীদের সাক্ষৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট এর মূল কপি মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং এক সেট সত্যায়িত (অবশ্যই সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) ফটোকপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সার্টিফিকেট;

(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকুরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে);

চলমান পাতা/৩

(ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);

(চ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ছ) কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর বয়সসীমায় আবেদন করলে সেক্ষেত্রে প্রার্থীকে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রাণালয়ের ১৯-০৬-২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.১৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি দাখিল করতে হবে:

ছ.১) মুক্তিযোদ্ধার নাম সম্বলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত তালিকা। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

ছ.২) কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সম্বলিত

i. গেজেট ও সাময়িক সনদ অথবা

ii. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা

iii. গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

ছ.৩) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এ মর্মে ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(জ) কোনো প্রার্থী শারীরিক প্রতিবন্ধী হিসেবে অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর বয়সসীমায় আবেদন করলে সেক্ষেত্রে তাকে সমাজ সেবা অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্র; এবং

(ঝ) অনলাইন (Online) এ পূরণকৃত আবেদন ফরম এর কপি (Applicant's Copy)।

৬। বয়সসীমা: ০১-০৩-২০২১ তারিখে বয়স (বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না):

৬.১। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স সর্বোচ্চ ৩০ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ২৮-০২-১৯৯১ পর্যন্ত)।

৬.২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ২৮-০২-১৯৮৯ পর্যন্ত)।

৭। শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংগ্রহণে ইচ্ছুক এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে মহাব্যবস্থাপক (এইচআর), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর আবেদন করতে হবে:

(ক) অনলাইন আবেদন ফরম এর কপি;

(খ) সমাজ সেবা অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি;

(গ) প্রার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

(ঘ) শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র; এবং

(ঙ) শ্রুতিলেখক হিসেবে মনোনিত ব্যক্তির (স্নাতক পর্যায়ে অধ্যয়নরত) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।

৮। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান ও কোম্পানির চাকুরি বিধি যথাযথভাবে অনুসরণ করা হবে।

৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। কোনো প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। কোনো Appeared প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

**১৪। দেশের প্রত্যন্ত অঞ্চলে কাজ করতে অনাগ্রহী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।**

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

কর্তৃপক্ষ